দৈনিক ইনকিলাব

তারিখ ... SEP. 09 1999 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ...

# ঠাকুরগাঁওয়ে বিজ্ঞান ও কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী

**ঠাকুরগাঁও জেলা সংবাদদাতা**

ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার মধ্যস্থলে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন এবং হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজকে কৃষি বিশ্ববিদ্যালয়ে উন্নীতকরণের দাবী বাস্তবায়নের আন্দোলন ক্রমশ জোরদার এবং দ্রুত জনপ্রিয়তা লাভ করছে।

অপরদিকে পঞ্চগড় জেলার রাজনৈতিক, স্বেচ্ছাসেবী বিভিন্ন স্তরের লোক উপরোক্ত বিশ্ববিদ্যালয় দুটি স্থাপনের দাবীতে সুসংগঠিত হচ্ছে।

এই অবহেলিত এলাকার উন্নয়নের লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৮ সালের ফেব্রুয়ারী মাসে দিনাজপুরে এক জনসভায় বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন এবং হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করার ঘোষণা দেন।

সরকারী এই সিদ্ধান্তের আলোকে এ এলাকায় উচ্চ শিক্ষার কোন শিক্ষা প্রতিষ্ঠান না থাকায় জেলার শিক্ষিত জনগোষ্ঠী ঠাকুরগাঁওয়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং দিনাজপুরে হাজী মোহাম্মদ দানেশ কলেজকে কৃষি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার দাবী তোলেন। দিনাজপুরে হাজী মোহাম্মদ দানেশ কলেজকে কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য ১৯৭৫ সালে ডক্টর কুদরত-ই-খুদা এবং বর্তমান সরকারের কৃষি কমিশন দৃঢ় মত ব্যক্ত করে রিপোর্ট দেয়। এরই প্রেক্ষিতে পঞ্চগড় ও ঠাকুরগাঁও এলাকাবাসী গত বছর বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটি গঠন করে। এই কমিটিতে রয়েছেন বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, ছাত্র, সাংস্কৃতিক কর্মী, সমাজসেবী, ব্যবসায়ী, আইনজীবী, সাংবাদিক, শিক্ষকসহ এলাকার সকল স্তরের মানুষ। দু'টি জেলার ৫ জন এমপি উপদেষ্টা হিসেবে কমিটির অন্তর্ভুক্ত হন।

১৯৯৯ সালের ফেব্রুয়ারী মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঠাকুরগাঁও সফরে এলে অত্র জেলায় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং দিনাজপুরে হাজী মোহাম্মদ দানেশ কলেজকে কৃষি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের দাবীতে স্মারকলিপি প্রদান করে এবং পর্যায়ক্রমে স্পীকার, ডেপুটি স্পীকার, মন্ত্রিপরিষদসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে উক্ত স্মারকালাপ প্রদান করা হয়।

এই স্মারকলিপিতে দিনাজপুরে উচ্চ শিক্ষার জন্য মেডিকেল কলেজ, আইন কলেজ, বিশ্ববিদ্যালয় কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, হোমিওপ্যাথি কলেজ, কৃষি কলেজ, ভেটিনারি কলেজ এবং হাজী দানেশ কৃষি কলেজ রয়েছে। রয়েছে কৃষি উৎপাদনে সংযুক্ত প্রতিষ্ঠান, গবেষণা কেন্দ্র, পাটবীজ উৎপাদন খামার, তুলা চাষ বোর্ড এবং আখবীজ উৎপাদন খামার। হাজী দানেশ কৃষি কলেজটি ৪০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হয়েছে এবং ১৯৭৫ সালের ডক্টর কুদরত-ই-খুদার শিক্ষা কমিশন রিপোর্ট অনুযায়ী কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে উক্ত কৃষি কলেজটি তিলে তিলে গড়ে তোলা হয়েছে। এছাড়া দিনাজপুর জেলা দেশের সবচেয়ে বৃহৎ ধান উৎপাদন এলাকা এবং সুগন্ধযুক্ত কাটারীভোগ ধান, লিচু ও আম এখানে উৎপাদিত হয়।

অথচ ঠাকুরগাঁওয়ে উঁচু বালু (টেক্সচার সয়েল), পতিত জমি, রেডিও এবং টেলিভিশন সম্প্রচার কেন্দ্র রয়েছে। অপরদিকে প্রযুক্তি হস্তান্তর অথবা বিদেশী পণ্ডিত ব্যক্তিরা ঠাকুরগাঁও বিমানবন্দর দিয়ে আরামে যাতায়াত করতে পারে।

ঠাকুরগাঁয়ে বিজ্ঞান ও প্রযুক্তি এবং দিনাজপুরে হাজী দানেশ কৃষি কলেজ, কৃষি বিশ্ববিদ্যালয়ে উন্নীতকরণ বাস্তবায়ন পরিষদের তত্ত্বাবধানে গত ২১ জুলাই মানববন্ধনসহ সম্প্রতি জনসভা, ছাত্র ধর্মঘট, প্রতীক অনশন পালন করা হয়। আরও বেগবান আন্দোলন ও কঠোর কর্মসূচী দিয়ে 'জান দেব তবুও বিশ্ববিদ্যালয় নেব' এহেন সুদৃঢ় কর্মসূচী দিয়ে সরকারকে বিশ্ববিদ্যালয় স্থাপনে বাধ্য করা হবে বলে জানা গেছে।

অপরদিকে রংপুরে কারমাইকেল কলেজ চত্বরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তা ভেঙে ফেলার জন্য ছাত্র-জনতা মিছিল-মিটিং করছে এবং ভিত্তিপ্রস্তর রক্ষার জন্য এক প্লাটুন পুলিশ মোতায়েন রাখা হয়েছে। অথচ ঠাকুরগাঁওয়ে হচ্ছে উল্টো।